

## 💵 মানহাজ (আল-আজবিবাতুল মুফীদাহ)

বিভাগ/অধ্যায়ঃ নিত্য নতুন মানহাজ সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের উপকারী জবাব রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

প্রশ্ন-৬৪: আমাদের আশেপাশে বসবাসরত কেউ যদি সালাফে সালেহীনের মূলনীতির বিরোধিতা করে এবং অন্যান্য মানহাজের সাহায্য করে। অন্য মানহাজের প্রতিষ্ঠাতা বা চিন্তাবিদদের প্রশংসা করে। তাহলে সাধারণ জনগণকে তার থেকে সতর্ক করার জন্য এবং তার দ্বারা যাতে ধোঁকায় পতিত না হয় এ উদ্দেশ্যে কি তাকে সেই মানহাজের দিকে সম্বন্ধ করা ওয়াজিব হবে?

উত্তর : যদি কেউ সালাফে সালেহীনের মানহাজের বিরোধিতা করে অন্য মানহাজ বা সেই মানহাজের অনুসারীদের প্রশংসা করে তাহলে সে ব্যক্তি সালাফে সালেহীনের মানহাজব বিরোধী বলে বিবেচিত হবে। তাকে সহীহ মানহাজের দিকে দা'ওয়াত দেওয়া ওয়াজীব। যদি সে হকের প্রতি ফিরে আসে ভালো নতুবা তার থেকে সম্পর্ক ছিন্ন করা হবে।

আমার ধারণা মতে ইনশাআল্লাহ তাওহীদ ও সালাফে সালেহীনের মানহাজের উপর প্রতিষ্ঠিত এই দেশে এমন কোন ব্যক্তি নাই। তবে মাঝে মাঝে কেউ কেউ অজ্ঞতা বশত; বিরোধী মানহাজের কোন কোন ব্যক্তি সম্পর্কে স্থারণা পোষণ করে। এর পর তার সামনে হক বর্ণনা করা হলে সে তা আল্লাহর ইচ্ছায় গ্রহণ করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13138

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন